

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৬৫.৯০.১০৮.১৮-৩৪৫

তারিখ: ০৫ ডায় ১৪২৫  
২০ আগস্ট ২০১৮

বিষয়: সড়ক নিরাপত্তা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে অবহিতকরণ কর্মসূচি বাস্তবায়ন।

দেশব্যাপী সড়ক নিরাপত্তা বিষয়ে জনগণের মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাস ও সড়কে শৃঙ্খলা নিশ্চিত করতে সরকার দৃঢ় প্রতিজ্ঞ। সড়ক দুর্ঘটনার জন্য অননুমোদিত ও ত্রুটিপূর্ণ যানবাহন, লাইসেন্সবিহীন ও অনভিজ্ঞ ড্রাইভার যেমন অনেকেংশে দায়ী, একইভাবে পথচারী এবং যাত্রীগণের ট্রাফিক নিয়মকানুন সম্পর্কে অজ্ঞতা ও অসচেতনতাও দায়ী। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার পরিপ্রেক্ষিতে সম্প্রতি বাংলাদেশ ফ্লাউটসের সদস্যগণ সড়ক নিরাপত্তার বিষয়ে যে ভূমিকা রেখেছে তা সকল মহলে প্রশংসিত হয়েছে। সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য ছাত্র-ছাত্রীদের মাধ্যমে অভিভাবকদের মাঝে সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা তৈরির উদ্যোগ নেয়া হলে এ প্রচেষ্টা আরও বেশি টেকসই ও ফলপ্রসূ হবে বলে আশা করা যায়। মাননীয় প্রধানমন্ত্রী এ বিষয়ে বাংলাদেশ ফ্লাউটসের অধিকতর মাত্রায় সম্পৃক্ততার উপর গুরুত্ব আরোপ করেছেন। এরই আলোকে বাংলাদেশ ফ্লাউটস ছাত্র-ছাত্রীদের মাধ্যমে অভিভাবকদের মাঝে সচেতনতা তৈরির জন্য একটি লিফলেট / প্রচারণাপত্র তৈরি করেছে, যা এই পত্রের সাথে সংযুক্ত করা হলো।

০২। সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো:

- সংযুক্ত লিফলেটটি প্রয়োজনীয় সংখ্যক কপি করে সকল শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়) ছাত্র-ছাত্রীদের নিকট বিতরণ;
- লিফলেটে বর্ণিত বিষয়াদির উপর ছাত্র-ছাত্রীদেরকে শ্রেণিকক্ষে শ্রেণি শিক্ষক কর্তৃক প্রয়োজনীয় ধারণা / নির্দেশনা প্রদান;
- সকল শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে সড়ক নিরাপত্তা ও শৃঙ্খলা বিষয়ে সেশন অন্তর্ভুক্ত করা;
- বিদ্যালয়ের প্রাত্যহিক সমাবেশে সড়ক নিরাপত্তা বিষয়ে আলোচনা করা। শিক্ষকগণ প্রয়োজনে এ বিষয়ে ট্রাফিক পুলিশসহ অভিজ্ঞ অন্যান্য ব্যক্তি ও সংস্থার নিকট থেকে সহযোগিতা গ্রহণ করবেন;
- ছাত্র-ছাত্রীদের নিজেদের মধ্যে লিফলেটে বর্ণিত বিষয়ে আলোচনা ও তা অনুসরণে অনুপ্রাণিত করা;
- ইউনিফর্মধারী ফ্লাউট, রোভার ফ্লাউট ও গার্ল গাইডসদের মাধ্যমে পথচারীদের মাঝে লিফলেট বিতরণ;
- ছাত্র-ছাত্রীদের মাধ্যমে তাদের অভিভাবকগণের নিকট এই লিফলেট পৌঁছানো এবং অভিভাবকদের নিকট ছাত্র-ছাত্রীগণ কর্তৃক লিফলেটে বর্ণিত বিষয়াদি পরিষ্কারভাবে উপস্থাপন করে ট্রাফিক নিয়ম-কানুন ও সড়ক নিরাপত্তা বিষয়ে অবহিতকরণ নিশ্চিত করা;
- অভিভাবকগণ বিষয়টি অবহিত হয়েছেন মর্মে লিফলেটের নির্ধারিত স্থানে জঁদের স্বাক্ষর গ্রহণপূর্বক তা বিদ্যালয়ে ফেরত প্রদান;
- ঈদ উল আযহার ছুটি শেষে শিক্ষা প্রতিষ্ঠানে ক্লাস শুরুর সাথে সাথে এ কার্যক্রম আরম্ভ করা এবং ৩০ সেপ্টেম্বর ২০১৮ এর মধ্যে শেষ করা;
- ট্রাফিক নিয়ম-কানুন ও সড়ক নিরাপত্তা বিষয়ক অবহিতকরণ কার্যক্রমে কত জন অভিভাবককে সম্পৃক্ত করা হয়েছে সে বিষয়ে সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট ০৭ অক্টোবর ২০১৮ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ এবং জেলা প্রশাসক কর্তৃক সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে সমন্বিত প্রতিবেদন প্রেরণ;

স্বাক্ষর

- প্রত্যেক মসজিদে ইমামদের মাধ্যমে এই লিফলেটে বর্ণিত বিষয়ে মুসল্লিদেরকে জুমার নামাজের পূর্বে অবহিত করা;
- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে অভিভাবক সমাবেশ/ মা সমাবেশের মাধ্যমে বিষয়টি অবহিত করা;
- এ কার্যক্রমে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটিকে সম্পৃক্ত করা;
- বাংলাদেশ স্কাউটস এর সাথে সমন্বয় করে ৩০ সেপ্টেম্বর ২০১৮ তারিখে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুন স্বল্প সময়ের জন্য প্রদর্শন করা।

০৩। উপর্যুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ নিম্নরূপ দায়িত্ব পালন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

- উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করবেন;
- প্রত্যেক ইউনিয়নের/পৌরসভার জন্য উপজেলা নির্বাহী অফিসার একজন বা একাধিক উপজেলা পর্যায়ে কর্মকর্তাকে ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব প্রদান করবেন;
- উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে ট্যাগ অফিসারের কার্যক্রম সমন্বয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সহযোগিতা করবেন;
- সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জ তার থানার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানের সার্বিক কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন;
- মেট্রোপলিটন এলাকায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) এ বিষয়ে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন;
- মেট্রোপলিটন এলাকায় থানা মাধ্যমিক শিক্ষা অফিসার ও থানা প্রাথমিক শিক্ষা অফিসারগণ স্ব স্ব থানা এলাকার শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রমের জন্য ট্যাগ অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন;
- জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে নিরবিচ্ছিন্ন যোগাযোগ রক্ষা করে এ কার্যক্রম বাস্তবায়ন করবেন;
- জেলা প্রশাসকগণ উপজেলা নির্বাহী অফিসারগণের মাধ্যমে জেলা ও উপজেলা পর্যায়ে এ কার্যক্রম নিশ্চিত করবেন;
- বিভাগীয় কমিশনারগণ মেট্রোপলিটন এলাকার কার্যক্রম সমন্বয়সহ বিভাগের সকল জেলার এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করবেন;

০৪। এ বিষয়ে যে কোন প্রয়োজনে নিম্নোক্ত কর্মকর্তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে:

১. জনাব আরশাদুল মোকাদ্দিস, নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস:  
মোবাইল: ০১৭১১১১৪৬৫২, ই-মেইল: mukaddish@gmail.com

২. জনাব মো: গোলাম মোস্তফা, পরিচালক, বাংলাদেশ স্কাউটস:  
মোবাইল: ০১৭১১৯৫৪৩৬, ই-মেইল: prsgolammostafa@gmail.com

০৫। উপর্যুক্ত কার্যক্রমসমূহ বাংলাদেশ স্কাউটস ও গার্ল গাইডস এর বিভিন্ন ইউনিটকে সম্পৃক্ত করে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সোহরাব  
২০.০৭.২০১৮

(মো: সোহরাব হোসাইন)  
সচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, ঢাকা (সকল পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণের অনুরোধসহ)

২. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (অধিভুক্ত সকল কলেজকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণের অনুরোধসহ)
৩. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
৪. বিভাগীয় কমিশনার (সকল).....।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৬. চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল).....।
৭. মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি, ঢাকা।
৮. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, জাতীয় স্কাউট ভবন, ঢাকা।
৯. জেলা প্রশাসক (সকল).....।
১০. পুলিশ সুপার (সকল) .....
১১. পরিচালক, উচ্চ মাধ্যমিক শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (সকল) .....
১২. অধ্যক্ষ, টিচার্স ট্রেনিং কলেজ (সকল) .....
১৩. আঞ্চলিক পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, .....
১৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল) .....
১৫. জেলা শিক্ষা অফিসার (সকল) .....
১৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) .....

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।